গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)**
দক্ষিণ নগর ভবন ১৪তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েব সাইট: www.dtca.gov.bd

স্মারক নং-৩৫.০২.০০০০.০০২.২৯.০০২.২০২১-৯৯ তারিখঃ ১০/০৬/২০২১ খ্রিঃ

## গণশুনানীর নোটিশ

ক্রমবর্ধমান নগরায়ণ, জনসংখ্যা বৃদ্ধি ও আর্থসামাজিক পরিস্থিতি উন্নতির প্রেক্ষিতে বৃহত্তর ঢাকার পরিবহণ ব্যবস্থাকে সুষ্ঠু, পরিকল্পিত, সমন্বিত ও আধুনিকীকরণ করার লক্ষ্যে ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী জেলাকে অন্তর্ভুক্ত করে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০১২ এর আওতায় 'ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)' প্রতিষ্ঠা করা হয়। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)'র ভিশন ও মিশন যথাক্রমে বৃহত্তর ঢাকার পরিকল্পিত, সমন্বিত এবং আধুনিক ও টেকসই পরিবহন ব্যবস্থা গড়ে তোলা এবং পরিবহন ব্যবস্থার সুষ্ঠু সমন্বয়, পরিবহন পরিকল্পনা এবং দ্রুতগামী গণপরিবহন ব্যবস্থা প্রর্বতনের মাধ্যমে জনসাধারণের জন্য নিরাপদ, নির্ভরযোগ্য এবং সহজলভ্য পরিবহন সেবা প্রদান। এ সকল লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে ডিটিসিএ তার প্রতিষ্ঠাকাল থেকে সর্বাত্মকভাবে কাজ করে চলেছে।

০২। ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার জন্য একটি পরিকল্পিত ও সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর উদ্যোগে প্রণীত ২০ বছর মেয়াদি কৌশলগত পরিবহন পরিকল্পনা (Strategic Transport Plan বা STP) হালনাগাদ করে ২০১৬ সালে সংশোধিত STP প্রণয়ন করা হয়েছে। Revised STP তে ৫টি Mass Rapid Transit (MRT) [MRT Line-1, 2, 4, 5 & 6] লাইন, এবং ২টি Bus Rapid Transit (BRT) [BRT Corridor-3 & 7], তিনস্তর বিশিষ্ট রিং রোড (ইনার, মিডল ও আউটার), ৮টি রেডিয়াল সড়ক, ৬টি এক্সপ্রেসওয়ে, ২১টি ট্রান্সপোর্টেশান হাব নির্মাণ এবং ট্রাফিক ম্যানেজমেন্ট, ট্রাফিক সেফটি ব্যবস্থার উন্নয়ন ও বাস পরিবহণ সেক্টর পুনর্গঠনের সুপারিশ রয়েছে।

০৩। আধুনিক গণপরিবহন ব্যবস্থা মেট্রোরেল নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষনের জন্য মেট্রোরেল আইন, ২০১৫ এবং মেট্রোরেল বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশে মেট্রোরেল এর জন্য কারিগরি মান ডিসেম্বর ২০১৪ অনুমোদন করা হয়েছে। বাস ভিত্তিক গণপরিবহন ব্যবস্থা বিআরটি নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষনের জন্য বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) আইন, ২০১৬ প্রণয়ন করা হয়েছে। এছাড়াও, ডিটিসিএ ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন এবং যানজট নিরসনে বাস রুট ফ্র্যাঞ্চাইজ পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

০৪। এ প্রেক্ষাপটে, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)'র সামগ্রিক কার্যক্রম ও কর্মপরিকল্পনা বিষয়ে আপনার/ আপনার প্রতিষ্ঠানের সুচিন্তিত পরামর্শ ও মতামত গ্রহণের নিমিত্ত আগামী ১৭/০৬/২০২১ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় অনলাইনে একটি গণশুনানী অনুষ্ঠিত হবে। গণশুনানীতে সভাপতিত্ব করবেন জনাব খন্দকার রাকিবুর রহমান, নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)।

০৫। উক্ত গণশুনানীটি Zoom এর মাধ্যমে অনলাইনে অনুষ্ঠিত হবে। গণশুনানীতে যোগদানের প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নে সন্নিবেশিত হলোঃ

Zoom-এ যোগদানের লিংকঃ https://us02web.zoom.us/j/3144336567
Meeting ID: 314 433 6567

০৬। এছাড়াও, গণশুনানীটি ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)'র ফেসবুক পেজে নিম্নবর্ণিত লিংকের মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হবে।

Facebook Live Link: https://www.facebook.com/Dhaka-Transport-Coordination-Authority-DTCA-574916682630394/live_videos/

০৭। উক্ত প্রাতিষ্ঠানিক গণশুনানীতে Zoom এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত তারিখ ও সময়ে অংশগ্রহণ করে অথবা সে লক্ষ্যে আপনার/ আপনার প্রতিষ্ঠানের একজন উপযুক্ত প্রতিনিধিকে মনোনয়নপূর্বক মূল্যবান পরামর্শ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩০/৫/২০২৪

খন্দকার রাকিবুর রহমান
নির্বাহী পরিচালক
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
ডিটিসিএ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষনঃ অতিরিক্ত সচিব, আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ)
২. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, রমনা, ঢাকা। (দৃষ্টি আকর্ষনঃ অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ঢাকা মেট্রোপলিটন পুলিশ)
৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৪), ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০। (গণশুনানীতে অংশগ্রহণের জন্য একজন উপযুক্ত কর্মকর্তা মনোনয়ন প্রদানের অনুরোধসহ)
৫. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), রাজউক ভবন, মতিঝিল, ঢাকা। (দৃষ্টি আকর্ষনঃ জনাব মোঃ আশরাফুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ)
৬. চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ), বিআরটিএ ভবন, চেয়ারম্যান বাড়ী, বনানী, ঢাকা-১২১২। (দৃষ্টি আকর্ষনঃ মোঃ লোকমান হোসেন মোল্লা, পরিচালক (ইঞ্জিনিয়ারিং))
৭. চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন (বিআরটিসি), ২১, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা। (দৃষ্টি আকর্ষনঃ জনাব মোঃ নায়েব আলী, ম্যানেজার (টেকনিক্যাল))
৮. বিভাগীয় প্রধান, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। (দৃষ্টি আকর্ষনঃ ড. মোঃ হাদীউজ্জামান, অধ্যাপক, পুরকৌশল বিভাগ)
৯. পরিচালক, এক্সিডেন্ট রিসার্চ ইন্সটিটিউট, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। (দৃষ্টি আকর্ষনঃ ড. মোঃ আসিফ রায়হান, সহকারী অধ্যাপক, এক্সিডেন্ট রিসার্চ ইন্সটিটিউট)
১০. অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি/এমটি/টিএমপিটিআই), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)।
১১. যুগ্ম পুলিশ কমিশনার (ট্রাফিক-উত্তর),ঢাকা মেট্রোপলিটন পুলিশ, রমনা, ঢাকা।
১২. যুগ্ম পুলিশ কমিশনার (ট্রাফিক-দক্ষিণ),ঢাকা মেট্রোপলিটন পুলিশ, রমনা, ঢাকা।
১৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টিইসি), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং-২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
১৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টিইসি), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
১৫. নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
১৬. সিনিয়র নগর পরিকল্পনাবিদ, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১৭. মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ইউনিক হাইট্স (৪র্থ তলা), ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা।
১৮. সভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।
১৯. সভাপতি, ঢাকা সড়ক পরিবহন মালিক সমিতি, ইউনিক হাইট্স (৪র্থ তলা), ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা।
২০. ব্যবস্থাপনা পরিচালক, Infrastructure Investment Facilitation Company (IIFC), এজে টাওয়ার (২য়, ৩য় এবং ৪র্থ তলা) ৪, কাওরানবাজার, সোনারগাঁও লিংক রোড, ঢাকা-১২১৫।
২১. প্রেসিডেন্ট, রিহ্যাব, ন্যাশনাল প্লাজা (৫ম ও ৬ষ্ঠ তলা), ১/জি ফ্রি স্কুল স্ট্রিট, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫।
২২. নির্বাহী পরিচালক, ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট, ১৪/৩/এ (৩য় তলা), জাফরাবাদ, রায়েরবাজার, ঢাকা।
২৩. ড. এস. এম. সালেহ উদ্দিন, গণপরিবহন বিশেষজ্ঞ, ভবন নং-বি, এপার্টমেন্ট-৫০২, মানসী লেক ভিউ, শাইনপুকুর কমপ্লেক্স ১, ১ বক্স নগর, রাইনখোলা, মিরপুর-১, ঢাকা।
২৪. জনাব হুমায়ুন রশিদ খলিফা, টিম লিডার, Revision and Updating of Previous Study Report on Bus Route Rationalization and Company based Operation of Bus Service in Dhaka, এজে টাওয়ার (২য়, ৩য় এবং ৪র্থ তলা) ৪, কাওরানবাজার, সোনারগাঁও লিংক রোড, ঢাকা-১২১৫।
২৫. সকল কর্মকর্তা.................................., ডিটিসিএ।

**অনুলিপি: (সদয় অবগতির জন্য)**

১. ডেপুটি ট্রান্সপোর্ট প্ল্যানার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)। (সভাটি অনলাইনে সঞ্চালনা ও পরিচালনার নির্দেশসহ)।
২. সহকারী আরবান প্ল্যানার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)। (সভাটিতে অনুষ্ঠিতব্য আলোচনা লিপিবদ্ধকরণপূর্বক কার্যবিবরণী প্রস্তুতকরণের নির্দেশসহ)।
৩. অফিস কপি।